**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 29-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **News Editor : Sudip B.**

**DEO : KB** **NR : Sudip B.**

**Announcement :-** আকাশবাণী**,** খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবর -

১) সাউথ ক্যালকাটা ল’ কলেজে ছাত্রীকে গণধর্ষণ কান্ডে উত্তাল রাজ্য রাজনীতি।

# দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ নেতা কর্মীদের গ্রেপ্তারের প্রতিবাদে লালবাজারের সামনে বিক্ষোভ বিজেপির ।

২) গণধর্ষণ কান্ডের তদন্তে পাঁচ সদস্যের সিট গঠন কলকাতা পুলিশের।

# নির্যাতিতার বয়ান রেকর্ড ও ঘটনার পুনর্নির্মাণ করে চলছে তদন্ত।

৩/ রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার রাজ্যের রেলপথ উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।

৪/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫/ চাকরিতে নিয়োগ, বকেয়া ডিএ মেটানো সহ একাধিক দাবীতে আগামী ২৮শে জুলাই নবান্ন অভিযানের ডাক সংগ্রামী যৌথ মঞ্চের।

৬/ হাওড়া ওয়ারিয়ার্স, পুরুষদের বেঙ্গল প্রো T-20 লিগে চাম্পিয়ান হয়েছে।

# মহিলাদের বিভাগে চাম্পিয়ান, কলকাতা টাইগার্স।

*********************************************************************

কসবার সাউথ ক্যাল'কাটা ল' কলেজে ছাত্রীকে গণধর্ষণ কান্ডে উত্তাল রাজ্য রাজনীতি। বিরোধী দলগুলি ঘটনার প্রতিবাদে বিক্ষোভ অবরোধ চালিয়ে যাচ্ছেন। কলেজ কাণ্ডের প্রতিবাদে গতকাল গড়িয়াহাট মোড়ে বিক্ষোভ কর্মসূচি ছিল বিজেপির। সেই কর্মসূচিতে পুলিশ বাধা দেওয়ার পাশাপাশি বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ কয়েক জন বিজেপি কর্মীকে গ্রেফতার করে লালবাজারে নিয়ে যায়। বিজেপির রাজ্য সভাপতিকে গ্রেফতার করার পর, উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। অবিলম্বে মুক্তির দাবিতে লালবাজারের বাইরে বিজেপি কর্মী সমর্থকদের অবস্থান বিক্ষোভ কর্মসূচি শুরু হয়। বিজেপি কাউন্সিলরদের নেতৃত্বে চলে এই অবস্থান বিক্ষোভ। রাত ১১টা নাগাদ লালবাজারের বাইরে ডিসি (সেন্ট্রাল) ইন্দিরা মুখোপাধ্যায় হাজির হন। ১৬৩ নম্বর ধারা জারি রয়েছে বলে জানিয়ে বিজেপি কর্মী সমর্থকদের সেখান থেকে সরে যেতে বলেন। লালবাজারের গেটে বসে বিক্ষোভ দেখানোর সময় বিজেপির ৩ কাউন্সিলর মীনাদেবী পুরোহিত, সজল ঘোষ এবং বিজয় ওঝাকে  সরিয়ে নিয়ে যাওয়া হয়।

লকআপ একটি অডিও বার্তায় সুকান্ত মজুমদার বেল বন্ডে সই করে ব্যক্তিগত জামিন না নেবার সিদ্ধান্তের কথা জানান।

আজ সকালে সুকান্ত বাবু সহ বিজেপি নেতা কর্মীরা লালবাজার থেকে বেরিয়ে আসেন। রাজ্য গণতন্ত্রের বধ্যভূমিতে পরিণত হয়েছে বলে সুকান্ত বাবুর অভিযোগ।

( বাইট- সুকান্ত )

ল' কলেজের ঘটনায় বিজেপি চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। দলের সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডার নির্দেশে গঠিত এই কমিটিতে রয়েছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সৎপাল সিং, সাংসদ মিনাক্ষী লেখি, বিপ্লব কুমার দেব এবং মনন কুমার মিশ্রা। শীঘ্রই ঘটনাস্থল পরিদর্শন করে জেপি নাড্ডার কাছে রিপোর্ট জমা দেবে এই কমিটি।

প্রসঙ্গত, কসবার ঐ আইন কলেজে ছাত্রীকে গণধর্ষণের অভিযোগে ধৃতদের তৃণমূল কংগ্রেস যোগ প্রকাশ্যে এসেছে। তা নিয়ে সরব হয়েছে বিজেপি ও অন্যান্য রাজনৈতিক দলগুলি।

প্রদেশ কংগ্রেস গতকাল কসবা থানার সামনে বিক্ষোভ দেখায়। বেশ কয়েকজন নেতা কর্মীকে অন্যায়ভাবে আটক করা হয়েছে বলে প্রদেশ যুব কংগ্রেসের তরফে অভিযোগ করা হয়েছে। দলের নেতা আশুতোষ চট্টোপাধ্যায় বলেন, রাজ্যে গণতন্ত্র বলে কিছু নেই। কলেজগুলিতে দীর্ঘদিন ছাত্র সংসদের নির্বাচন বন্ধ করে রাখা হয়েছে। মৌলালিতেও বিক্ষোভ দেখিয়েছে কংগ্রেস।

বাম-যুব সংগঠন DYFI গতকাল হাওড়ায় বিভিন্ন থানার সামনে বিক্ষোভ দেখায়।

*********************

কলকাতার আইন কলেজে ঘটে যাওয়া নৃশংস ঘটনা প্রসঙ্গে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় ও বিধায়ক মদন মিত্রের বক্তব্য দল সমর্থন করে না বলে জানিয়েছে তৃণমূল কংগ্রেস। গতকাল দলের তরফে সোস্যাল মিডিয়ায় বিবৃতি দিয়ে জানানো হয়েছে, কল্যাণ বাবু ও মদন বাবু যে মন্তব্য করেছেন, তা তাঁদের ব্যক্তিগত মতামত। দল তাঁদের বক্তব্যের সঙ্গে কোনওভাবেই একমত নয় এবং এই মন্তব্যগুলির কড়া নিন্দা করছে। মহিলাদের ওপর অপরাধের ক্ষেত্রে দল বরাবরই 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করেছে বলেও বিবৃতিতে জানানো হয়েছে।

*********************

গণধর্ষণকান্ডে পাঁচ সদস্যের বিশেষ তদন্ত দল- সিট গঠন করে তদন্ত শুরু করেছে কলকাতা পুলিশ। অ্যাসিস্ট্যান্ট কমিশনার (দক্ষিণ শহরতলি) প্রদীপ কুমার ঘোষালের নেতৃত্বে ওই দল নির্যাতিতার গোপন জবানবন্দি নিয়েছে। পাশাপাশি ঐ দিনের ঘটনার পুনর্নির্মাণও করা হয়েছে। পুলিশ সূত্রে খবর, ঘটনার সময়কার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে তা নির্যাতিতার বয়ানের সঙ্গে মিলিয়ে দেখা হচ্ছে।

এদিকে, কসবা কান্ডে ধৃত গার্ড পিনাকী বন্দ্যোপাধ্যায়কে পয়লা জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছেন বিচারক। গার্ডের সঙ্গে যোগসাজস করে নির্যাতিতার ওপর অভিযুক্তরা অত্যাচার চালায় বলে পুলিশ জানিয়েছে।

*********************

ল’ কলেজে গণধর্ষণের ঘটনায় নির্যাতিতার স্বাস্থ্য সংক্রান্ত রিপোর্ট তিনদিনের মধ্যে জমা দিতে হবে বলে জানিয়ে জাতীয় মহিলা কমিশন রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ কে লেখা ঐ চিঠিতে কমিশনের চেয়ারপারসন বিজয়া রাহাতকার, ক্ষতিগ্রস্ত পরিবারের সঙ্গে দেখা করতে গেলে মহিলা কমিশনের সদস্যের সঙ্গে পুলিশকে সব ধরনের সহযোগিতা করার কথা বলেছেন।

*********************

রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, ২০০৯ থেকে ২০১৪ পর্যন্ত পশ্চিমবঙ্গে রেলপথের উন্নয়নের জন্য প্রায় ৪ হাজার ৩৮০ কোটি টাকা বরাদ্দ হলেও বর্তমান সরকারের আমলে তা বেড়ে প্রায় ১৪ হাজার কোটি টাকা হয়েছে। হাওড়ার সাঁতরাগাছি স্টেশনে গতকাল দক্ষিণ পূর্ব রেলের এক অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী বৈষ্ণো বলেন, ২০১৪ থেকে ২০২৫ এর মধ্যে কলকাতা মেট্রোর নেটওয়ার্ক ৪১ কিলোমিটার বৃদ্ধি পেয়েছে। রাজ্যে রেলের উন্নয়নে তৃণমূল কংগ্রেস সরকারকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আর্জি জানান তিনি।

(বাইট – অশ্বিনী বৈষ্ণো/ রেল )

রেল মন্ত্রী বলেন, জমি জটের কারণে রাজ্যে বেশ কিছু রেল প্রকল্প আটকে রয়েছে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এই অনুষ্ঠান শোনা যাবে। এছাড়াও, আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও ‘মন-কি-বাত’ সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারের পরই, আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

রাত ৮’টায় আঞ্চলিক ভাষার তর্জমা, পুনঃপ্রচারিত হবে।

*********************

চাকরিতে নিয়োগ, যোগ্য চাকরিহারাদের চাকরি ফেরত, সরকারি কর্মচারীদের বকেয়া DA মেটানো এবং আইন কলেজের ছাত্রীর গণধর্ষণে জড়িত দোষীদের কঠোর শাস্তির দাবিতে আগামী **২৮ জুলাই নবান্ন অভিযানের** ডাক দিয়েছে পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরিপ্রার্থী, চাকরিজীবি ও চাকরিহারা ঐক্য মঞ্চ এবং সংগ্রামী যৌথ মঞ্চ।

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে চাকরিহারা ঐক্য মঞ্চের আহ্বায়ক আশীষ খামরই বলেন, যতক্ষণ পর্যন্ত মুখ্যমন্ত্রী তাঁদের সঙ্গে বসে সমস্যার সমাধান করছেন ততক্ষণ পর্যন্ত তাদের লড়াই চলবে।

সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ অবিলম্বে কোর্টের নির্দেশ মেনে ২৫ শতাংশ DA মেটানোর দাবি জানান।

( বাইট- ভাস্কর )

*********************

ভোটার তালিকায় নাম তোলা সংক্রান্ত নির্বাচন কমিশনের নতুন নিয়মাবলীর সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস। বিষয়টি নিয়ে দিল্লিতে গতকাল সাংবাদিক সম্মেলন করেন দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ন, সাকেত গোখলে এবং সাগরিকা ঘোষ। রাজ্যে ক্ষমতা দখলের জন্যই বিজেপি-র নির্দেশে নতুন নিয়ম আনা হয়েছে বলে তাঁরা অভিযোগ করেন।

এদিন কলকাতায় রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য অভিযোগ করেন, যেহেতু বিজেপি বিভিন্ন স্বশাসিত সংস্থাগুলিকে নিয়ন্ত্রণ করে, এই সংশোধনী নির্দেশ তারই প্রতিফলন।

উল্লেখ্য, সম্প্রতি নির্বাচন কমিশন ভোটার তালিকায় বিশেষ সংশোধনী প্রক্রিয়া চালু করার কথা ঘোষণা করেছে। নির্দিষ্ট বয়সের বাসিন্দাদের জন্ম শংসাপত্রের পাশাপাশি বাবা-মায়ের জন্ম প্রমাণপত্র দাখিল করার কথা বলা হয়েছে।

*********************

কেন্দ্র, ১৯৭৫ সালের পঁচিশে জুন জরুরী অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে উল্লেখ করেছে। এই উপলক্ষে আগামী ৩০ শে জুন পর্যন্ত বিশেষ কর্মসূচি নিয়েছে সরকার। বিষয়টি নিয়ে আকাশবাণী কলকাতা সংবাদ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের মতামত নিয়েছে। 'মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিজ'-এর অধিকর্তা স্বরূপ প্রসাদ ঘোষ এই জরুরি অবস্থাকে গণতন্ত্রের অন্ধকারাচ্ছন্ন সময় বলে উল্লেখ করেন।

( বাইট- স্বরূপ প্রসাদ ঘোষ )

*********************

হাওড়া ওয়ারিয়র্স, পুরুষদের বেঙ্গল প্রো টি-টোয়েন্টি লিগে চ্যাম্পিয়ন হয়েছে। ইডেনে গতরাতে ফাইনালে তারা ৯ রানে মুর্শিদাবাদ কিংসকে হারিয়ে দেয়।

মহিলা বিভাগে চ্যাম্পিয়ান হয়েছে কলকাতা টাইগার্স। বৃষ্টি বিঘ্নিত ফাইনালে গতকাল তারা স্ম্যাশার্স মালদাকে ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে ১৬ রানে হারিয়ে দেয়।

*******************************************************************